

## বিশেষ নির্দেশাবলী

**পোষাক :**

**স্কুল শাখা :**

ছাত্র : সাদা শার্ট (মনোগ্রাম যুক্ত), কালো প্যান্ট ও সাদা কেডস্

ছাত্রী : বগু কামিজ, সাদা সেলোয়ার, সাদা ওড়না, রস্মাল ও সাদা কেডস্, (কালো বোরখা)

**কলেজ শাখা :**

ছাত্র : কালো প্যান্ট, এস্ কালার শার্ট ও কালো জুতা

ছাত্রী : এস্ কালার সেলোয়ার, কামিজ, (এস্ কালার বোরখা), এস্ কালার স্কার্ফ ও ওড়না এবং সাদা কেডস্

**উপস্থিতি :**

প্রতি পার্বিক পরীক্ষার পূর্বে ৮০% উপস্থিতি বাধ্যতামূলক।

প্রতি মাসে ৫ দিন বা তার বেশি দিন অনুপস্থিতি থাকলে তার নাম কাটা যাবে।

তাকে পুনঃভর্তি ফি দিয়ে নাম উঠাতে হবে ও জরিমানা সহ মোট (৫০০+৫০০) = ১,০০০ টাকা প্রতিষ্ঠানকে প্রদান করতে হবে।

প্রতি পার্বিক পরীক্ষার পূর্বে কোন শিক্ষার্থী শ্রেণিতে ৮০% উপস্থিতি না থাকলে সুনির্দিষ্ট কারণ ব্যতিত তাকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। প্রত্যেক ছাত্র-ছাত্রীর জন্য স্কাউট, গার্লস্ গাইডে অংশগ্রহণ বাধ্যতামূলক।

**অনুপস্থিত :**

কোন কারণে অনুপস্থিত থাকতে হলে ছাত্র-ছাত্রীদের আগে থেকেই শ্রেণি শিক্ষকের সুপারিশ সহ অধ্যক্ষের অনুমতি নিতে হবে।

আকস্মিক অনুপস্থিতির ক্ষেত্রেও সঠিক কারণ দেখিয়ে প্রথম উপস্থিতির দিন ছুটি অনুমোদনের জন্য

শ্রেণি শিক্ষকের সুপারিশ সহ অধ্যক্ষের কাছে দরখাস্ত করতে হবে। অসুস্থতাজনিত কারণে একাধারে

৩ (তিন) কিংবা তার বেশি দিন অনুপস্থিতির ক্ষেত্রে দরখাস্তে সজে চিকিৎসকের প্রত্যয়নপত্র সংযুক্ত করে নিতে হবে এবং পিতা অথবা মাতা বিদ্যালয়ে আসতে হবে।

**পরীক্ষা পদ্ধতি :**

শিক্ষাবর্ষ দুই পর্বে বিভক্ত যথা : অর্ধবার্ষিক ও বার্ষিক (১ম-৫ম, ৮ম, ১০ম, একাদশ ও দ্বাদশ শ্রেণির

ক্ষেত্রে ভিন্ন পদ্ধতি)। শ্রেণি উত্তীর্ণের ক্ষেত্রে ১০০ নম্বরের পার্বিক পরীক্ষায় ৯০%

এবং ১০% নম্বরের টিউটোরিয়াল পরীক্ষার প্রাপ্ত মোট নম্বরের “অর্ধ বার্ষিক ৩০%

ও বার্ষিক পরীক্ষায় ৭০% এর” ভিত্তিতে চূড়ান্ত ফলাফল নির্ণীত হবে। তবে কলেজ শাখার ক্ষেত্রে প্রতি পার্বিক পরীক্ষার ফলাফল আলাদাভাবে বিবেচিত হবে।

\* প্রতি বিষয়ে কৃতকার্য নম্বর-৪০, সৃজনশীল অংশে কমপক্ষে ১৫ পেতে হবে।

### মাসিক বেতন পরিশোধের নিয়ম

প্রতি মাসের বেতন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে পূর্বালী ব্যাংক বাংলাদেশ লিঃ, সিদ্ধিরপাড়া পুল শাখায় ১০ টা থেকে ১২ টার মধ্যে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রতি মাসের জন্য ২০ টাকা হারে জরিমানা দিতে হবে। ১ম মাসের বেতন পরবর্তী মাসে অথবা ৩য় মাসের ১০ তারিখের মধ্যে পরিশোধ না করলে ছাত্র-ছাত্রীদের নাম কাটা যাবে। সেক্ষেত্রে অধ্যক্ষের অনুমতি সাপেক্ষে পুনঃভর্তি ফি ও জরিমানাসহ সম্পূর্ণ পাওনা পরিশোধ করে পুনঃভর্তি হওয়া যেতে পারে।